



বিএনপি নেতা সালাউদ্দিন আহমেদের কথায় অনশন ভাঙলেন আমজনতার তারেক



সংগৃহীত ছবি

‘আমজনতার দল’-এর সদস্য সচিব তারেক রহমান অবশেষে অনশন ভাঙলেন। দলের নিবন্ধন নিশ্চিতের দাবিতে গত মঙ্গলবার থেকে আগারগাঁও নির্বাচন ভবনের প্রধান ফটকে অবস্থান করেছিলেন তিনি।

রোববার (৯ নভেম্বর) রাত সাড়ে ৮টার দিকে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদের উপস্থিতিতে তাকে অ্যাম্বুলেন্সে তুলে রাজধানীর গণস্বাস্থ্য হাসপাতালে নেওয়া হয়। সালাহউদ্দিন আহমেদ বলেন, “তার আবেদন পুনর্বিবেচনার জন্য আজ নির্বাচন কমিশনের সঙ্গে আলোচনা করেছি। আশা করি তার দল ন্যায়বিচার পাবে। অনুরোধে তারেক অনশন ভাঙতে রাজি হয়েছেন।”

উল্লেখ্য, গত ৪ নভেম্বর ইসি দুটি দলকে নিবন্ধন দেয়ার সিদ্ধান্ত নিলে তারেকের ‘আমজনতার দল’ ছিটকে পড়ে। এরপর বিকেল ৪টার দিকে তিনি মূল ফটকের সামনে অনশন শুরু করেছিলেন।

LENS ASIA